

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.৬১

তারিখ: ১ মাঘ ১৪৩০

১৫ জানুয়ারি ২০২৪

বিষয়: চট্টগ্রাম বিভাগে বিভিন্ন খাতে বিলি বিতরণের জন্য সড়ক পথে মোট ২০৫৫ মে.টন আমদানিকৃত গম চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম ০৪-০১-২০২৪ খ্রি. এর ১৩.০১.০০০০.২১০.৫১.০০২.২৩-৬১ নং স্মারক  
২। সাইলো অধীক্ষক, আশুগঞ্জ সাইলো ১৭-১২-২০২৩ খ্রি. এর ১৩.১১.০০০০.২৯০.০৬.০৩৭.২৩.১৬১০ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কক্সবাজার, রাজশাহী, খাগড়াছড়ি, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়িয়া জেলার এলএসডিসমূহে ইপি-ওপি, ময়দাকল, কাবিখা ইত্যাদি খাতে বিতরণের জন্য আশুগঞ্জ সাইলো হতে ব্রাহ্মণবাড়িয়া জেলা এবং চট্টগ্রাম সাইলো হতে অন্যান্য জেলার এলএসডিসমূহে মোট ২০৫৫ মে.টন গম ডিআরটিসি/আইআরটিসি চলাচল সূচি জারির নিমিত্ত এলএসডিভিত্তিক তথ্যসহ গমের অনুমোদন/সূচি জারির জন্য সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে। সূত্রস্থ ২ নং স্মারকে আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়ার বিএমআরইকরণের কাজ চলমান রয়েছে। বিএমআরইকরণের কাজ ত্বরান্বিত করার লক্ষ্যে ১৬-১২-২০২৩ খ্রি. হতে ১৫-০১-২০২৪ খ্রি. পর্যন্ত খাদ্যশস্য গ্রহণ ও প্রেরণ কাজ বন্ধ থাকবে মর্মে পত্র প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাব পর্যালোচনাপূর্বক এবং আশুগঞ্জ সাইলোতে বিএমআরইকরণের কাজ চলমান থাকায় কক্সবাজার, রাজশাহী, খাগড়াছড়ি, চট্টগ্রাম, ব্রাহ্মণবাড়িয়া জেলার এলএসডিসমূহে ইপি-ওপি, ময়দাকল, কাবিখা ইত্যাদি খাতে বিতরণের জন্য চট্টগ্রাম সাইলো হতে মোট ২০৫৫ মে.টন গম ডিআরটিসি/আইআরটিসি মাধ্যমে স্থানান্তরের পূর্বানুমোদন নির্দেশক্রমে নিম্নোক্তভাবে প্রদান করা হলো।

সারণি-১ : চট্টগ্রাম বিভাগে আমদানিকৃত গমের চলাচল সূচির অনুমোদন

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	চট্টগ্রাম	চট্টগ্রাম সাইলো	কক্সবাজার	রামু এলএসডি	১০০	আমদানিকৃত গম	সড়ক পথ	
২.	ঐ	ঐ	রাজশাহী	রাজশাহী এলএসডি	৫০০	ঐ	ঐ	
৩.	ঐ	ঐ	ঐ	বড়ইছড়ি এলএসডি	২০০	ঐ	ঐ	
৪.	ঐ	ঐ	খাগড়াছড়ি	খাগড়াছড়ি এলএসডি	২৫০	ঐ	ঐ	
৫.	ঐ	ঐ	ঐ	গুইমারা এলএসডি	২৫০	ঐ	ঐ	
৬.	ঐ	ঐ	চট্টগ্রাম	বোয়ালখালী এলএসডি	৫৫	ঐ	ঐ	

৭.	ঐ	ঐ	ঐ	দোহাজারী এলএসডি	২০০	ঐ	ঐ	
৮.	ঐ	ঐ	ব্রাহ্মণবাড়িয়া	ব্রাহ্মণবাড়িয়া এলএসডি	৫০০	ঐ	ঐ	
				মোট =	২০৫৫			


### নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন কঠোরভাবে অনুসরণ করতে হবে।

(৩) এই অনুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



১৫-১-২০২৪

মোঃ নাজমুল হক ভূঁইয়া  
উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক


আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.৬১/১(৫)

তারিখ: ১ মাঘ ১৪৩০  
১৫ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



১৫-১-২০২৪

মোঃ নাজমুল হক ভূঁইয়া  
উপপরিচালক